রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
শঠিবাড়ী, রংপুর।
প্রশাসন বিভাগ
www.pbs1.rangpur.gov.bd

নম্বর ২৭.১২.৮৫৫৮.৫১৪.০১.০৩৮.২২.৪০৬৩

তারিখ: ২৩ কার্তিক ১৪২৯
০৮ নভেম্বর ২০২২

দরপত্র বিজ্ঞপ্তি

বিষয়: **Dot Matrix printer Head এর জন্য RFQ (রিকুয়েষ্ট ফর কোটেশন) আহবান সংক্রান্ত।**

প্রতি,
[কোটেশনদাতার নাম ও ঠিকানা লিখুন]
.....
.....
.....

1. **সিনিয়র জেনারেল ম্যানেজার,** রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকুলে নিজস্ব তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।
2. ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।
3. 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট www. pbs1.rangpur.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সলক শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যাতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহন যোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে রংপুর পবিস-১ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।
4. কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।
5. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।
6. সিলমোহরকৃত খামের মাধ্যমে ১৪/১১/২০২২ **খ্রিঃ বেলা ১১.৩০ ঘটিকা**-এ বা এর পূর্বে কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তর অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকা দাখিল করতে হবে। কোটেশনের খামে **"ডট মেট্রিক্স**

প্রিন্টারের হেড (অরিজিনাল)” এর জন্য কোটেশন এবং ১৪/১১/২০২২ **খ্রিঃ বেলা ১১.৩৫ ঘটিকা**-এর আগে খোলা যাবে না” লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

7. প্রাপ্ত কোটেশন সমূহ ক্রয়কারী সিলমোহরকৃত ও খামভুক্ত করবে এবং এভাবে প্রাপ্ত কোটেশনসমূহ উন্মুক্ত না করে মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের একই তারিখে মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।
8. **পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।**
9. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম **৬০ (ষাট) দিন** পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।
10. দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।
11. **যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আব, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।**
12. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।
13. কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।
14. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।
15. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত **গাণিতিক** সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।
16. ক্রয় আদেশ জারীর তারিখ থেকে **১০ (দিন)** দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান যথাসময়ে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ হিসেবে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা কর্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
17. **Epson LQ 2190 / 2180 Dot Printer Head (Original) আমদানীকারী প্রতিষ্ঠানের নিকট হতে মালামাল সরবরাহের প্রত্যয়ণ সংযুক্ত করতে হবে। অন্যথায় নন-রেসপন্সিভ হিসেবে বিবেচিত হবে। অরিজিনাল হেড কঠোরভাবে যাচাই করা হবে এবং কোনভাবে অরিজিনাল হেড ব্যতিত অন্য কোন হেড সরবরাহ করলে প্রতিষ্ঠানকে নন-রেসপন্সিভ এবং কালো তালিকাভুক্ত করা হবে।**
18. ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির **১০ (দিন)** দিনের মধ্যে জারী করতে হবে।
19. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৮-১১-২০২২

প্রকৌঃ হরেন্দ্র নাথ বর্মন
সিনিয়র জেনারেল ম্যানেজার
ইমেইল:
rangpurpbs1@yahoo.com

অনুলিপি (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড | (বাপবিবোর্ডের ওয়েব সাইটে RFQ টি প্রচারের জন্য অনুরোধ করা হলো)

৩) জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা।

৪) পুলিশ সুপার, রংপুর/গাইবান্ধা।

৫) উপজেলা নির্বাহী কর্মকর্তা, মিঠাপুকুর/পীরগাছা/পীরগঞ্জ/সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর।

৬) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রংপুর/গাইবান্ধা।

৭) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, রংপুর

৮) জেনারেল ম্যানেজার/সিনিয়র জেনারেল ম্যানেজার, ...পবিস-১/২/৩/৪।

৯) এজিএম/ডিজিএম, সকল জোনাল/সাব-জোনাল অফিস, রংপুর পবিস-১।

১০) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

১১) এজিএম (আইটি-১) (চলতি দায়িত্ব), আইটি বিভাগ, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ | (অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)